

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd



প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং-৮০.০০.০০০০.৪০৮.১৭.০০১.২১-২৫৩

তারিখঃ ১৫.০৮.২০২২

বিষয়ঃ ১৫ আগস্ট ২০২২ স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনে বিশেষ অনুষ্ঠানমালার আয়োজন।

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে সকাল ৯:০০ মিনিটে বিশেষ অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানের শুরুতেই কমিশন চত্বরে প্রতিষ্ঠিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরালে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর পঁচাত্তরের ১৫ আগস্ট যারা শাহাদাত বরণ করেছেন তাঁদের বিদেহী আত্মার শান্তি কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়। এ সময়ে কমিশনের মাননীয় চেয়ারম্যান, বিজ্ঞ সদস্যবৃন্দ সহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। পুষ্পস্তবক অর্পণ শেষে কমিশনের ৭১ মিলনায়তনে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। যথাযোগ্য মর্যাদায় এবং ভাবগম্ভীর পরিবেশে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনে জাতীয় শোক দিবস পালন করা হয়।

বার্তা সম্পাদক/সিনিয়র রিপোর্টার/রিপোর্টার
সকল দৈনিক পত্রিকা ও অনলাইন নিউজ পোর্টাল

Erst Shamin
20/08/2022

[ইশরাত শারমীন]

জনসংযোগ কর্মকর্তা

ফোনঃ ৫৫০০৬৬৯০

email: pro.bpsc@gmail.com

ছবির ক্যাপশনঃ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মাননীয় চেয়ারম্যান ও বিজ্ঞ সদস্যবৃন্দ কমিশন চত্বরে প্রতিষ্ঠিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরালে পুষ্পস্তবক অর্পণ করেন।